একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৪

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর, ২০২৩খ্রি.

## সরকারি প্রতিষ্ঠানসমুহের ৩য় পর্যায়ের ভর্তি ফলাফল ও নিশ্চায়ন বিষয়ক বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক শিক্ষাক্রমের সরকারি প্রতিষ্ঠানসমূহে ৩য় পর্যায়ের ফলাফল **১৩/১০/২০২৩**খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় প্রকাশিত হবে। এর পূর্বে ইতোমধ্যে প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সম্পন্ন হবে। শুধু নির্বাচিত ও মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের মোবাইলে এসএমএস প্রদান করা হবে। এছাড়া আবেদনকৃত শিক্ষার্থী www.btebadmission.gov.bd ওয়েবসাইটে প্রবেশের পর VIEW RESULT বাটনে ক্লিক করে রোল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি ইনপুট দিয়ে ফলাফল দেখতে পাবে। ৩য় পর্যায়ের নির্বাচিত শিক্ষার্থীদের **১৩/১০/২০২৩খ্রি. (শুক্রবার) বিকাল ৪.০০ ঘটিকা থেকে ১৫/১০/২০২৩ (রবিবার)-বিকাল ৫.০০ ঘটিকার** মধ্যে নিম্নে সংযুক্ত নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক ভর্তি নিশ্চায়ন ফি প্রদান করে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। তবে মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের নতুন করে নিশ্চায়নের প্রয়োজন নেই। বর্ণিত সময়ের মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে ব্যর্থ শিক্ষার্থীদের ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল বলে গন্য হবে। উল্লেখ্য, নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের অটোমাইগ্রেশন ডিফল্টভাবে চালু থাকবে এবং পছন্দক্রম অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে আবেদনের পছন্দক্রমের উপরে যাওয়ার সুযোগ থাকবে। এক্ষেত্রে যতবার অপেক্ষমান তালিকা হতে ফলাফল প্রকাশ করা হবে, তার পূর্বে ততবার অটোমাইগ্রেশনের ফলাফল প্রকাশ করা হবে। অটোমাইগ্রেশন চালু থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠানে অটোমাইগ্রেশন হবে সেখানেই অধ্যয়ন করতে হবে। তবে শিক্ষার্থী পছন্দের টেকনোলজি বা পছন্দের প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেলে এবং নিশ্চায়নকৃত প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে চাইলে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। তবে অটোমাইগ্রেশন একবার বন্ধ করলে আর খোলার সুযোগ পাবে না। ভর্তি ও নিশ্চায়ন বিষয়ক যাবতীয় নোটিশ www.bteb.gov.bd, www.btebadmission.gov.bd ওয়েবসাইট ও www.facebook.com/bteb.admin/ ফেইসবুক পেজে পাওয়া যাবে। ভর্তি নীতিমালা-২০২৩ অনুযায়ী কার্য সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**শিক্ষাক্রমভিত্তিক নিশ্চায়ন ফি:**

| ক্র: নং | শিক্ষাক্রম | নিশ্চায়ন ফি | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং | ৩৯৫ | নিশ্চায়ন পদ্ধতি অনুসরণপূর্বক নিশ্চায়ন ফি প্রদান করলে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন সম্পন্ন হবে এবং নিশ্চায়ন ফি প্রদান করলে মোবাইলে মেসেজ যাবে এবং VIEW রেজাল্ট হতে নিশ্চায়নের অবস্থা জানা যাবে। |
| ০২ | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ ও ডিপ্লোমা-ইন-লাইভস্টক | ২৩৮ | |

**বিশেষ দ্রষ্টব্য:**

০১. ৩য় পর্যায়ের নির্বাচিত যে সকল শিক্ষার্থী **১৩/১০/২০২৩খ্রি. (শুক্রবার) বিকাল ৪.০০ ঘটিকা থেকে ১৫/১০/২০২৩ (রবিবার)-বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে** নিশ্চায়ন সম্পন্ন করবে না সে সকল শিক্ষার্থীর Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২. আসন খালি থাকা সাপেক্ষে ৪র্থ পর্যায়ে শুণ্য আসনে ভর্তির জন্য আপেক্ষমান তালিকা হতে ১৭/১০/২০২৩ (মঙ্গলবার)-সকাল ৯.০০ ঘটিকায় ফলাফল প্রকাশ করা হবে। এর পূর্বে ইতোমধ্যে প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে মাইগ্রেশন সম্পন্ন হবে। এসকল শিক্ষার্থীর ১৭/১০/২০২৩ (মঙ্গলবার)-সকাল ১০.০০ ঘটিকায় হতে ১৭/১০/২০২৩ (মঙ্গলবার)- বিকাল ৫.০০ ঘটিকায় মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৩. আসন খালি থাকা সাপেক্ষে ৫ম পর্যায়ে শুণ্য আসনে ভর্তির জন্য আপেক্ষমান তালিকা হতে ১৮/১০/২০২৩ (বুধবার)-সকাল ৯.০০ ঘটিকায় ফলাফল প্রকাশ করা হবে। এসকল শিক্ষার্থীর ১৮/১০/২০২৩ (বুধবার)-সকাল ১০.০০ ঘটিকায় হতে ১৯/১০/২০২৩ (বৃহস্পতিবার)- বিকাল ৫.০০ ঘটিকায় মধ্যে নিশ্চায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর Selection এবং আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৪. ৩য়, ৪র্থ ও ৫ম পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের এবং মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের (পূর্বে ভর্তিকৃত প্রতিষ্ঠান হতে মূল নম্বরপত্রসহ অন্যান্য বিষয়াদি সংগ্রহপূর্বক) স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে মূল নম্বরপত্রসহ ভর্তির তারিখ **২৯/১০/২০২৩খ্রি. হতে ৩০/১০/২০২৩ খ্রি.পর্যন্ত**। উল্লিখিত সময়ের মধ্যে মূলনম্বরপত্রসহ স্ব স্ব প্রতিষ্ঠানে ভর্তি হতে ব্যর্থ হলে নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে এবং উক্ত শিক্ষার্থী অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হবে। প্রতিষ্ঠান কর্তৃক অনুপস্থিত শিক্ষার্থীদের অনলাইনে তথ্য প্রেরণের তারিখ **৩১/১০/২০২৩খ্রি.** । উল্লেখ্য প্রতিষ্ঠানসমূহকে ভর্তিকৃত শিক্ষার্থী Confirmed List-এ রয়েছে কিনা তা নিশ্চিত হয়ে ভর্তি করতে হবে।

**সংযুক্তি:** নিশ্চায়ন ফি প্রদান পদ্ধতি-০২ (দুই) পৃষ্ঠা।

১৫-১০-২৩

**(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩-৯৪(১০)

তারিখ: ১২/১০/২০২৩খ্রি.

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/কৃষি অধিদপ্তর/প্রাণি সম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/বন অধিদপ্তর/বিএমইটি,ঢাকা। (বহুল প্রচার ও শিক্ষার্থীদের সুবিধার্থে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। উপ সচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
০৪-০৭। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮। অধ্যক্ষ, সকল সরকারি ডিপ্লোমা/সমমান পর্যায়ের প্রতিষ্ঠান। (আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থী অন্য কোন প্রতিষ্ঠানে মাইগ্রেশন হলে তার মূল নম্বরপত্র ও অন্যান্য বিষয়াদি প্রদানে অনুরোধসহ)
০৯। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১০। নথি।

১৫.১০.২৩

**(প্রকৌ. মোঃ ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)
ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

G:\Faruk Reza\Letter_Instirute.doc